

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
সার্ক ও বিমস্টেক অনুবিভাগ
বিমস্টেক শাখা, ঢাকা

নং-১৯.০০.০০০০.৩১৬.৩৩.০২৭.১৮/৫০১২

তারিখঃ ০৭ আগস্ট ২০১৮

প্রেরক : রেহানা পারভীন
সহকারী সচিব (বিমস্টেক)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : মির্জা ইসরাত আরা
পরিচালক (সার্ক ও বিমস্টেক)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


বিষয় : আগামী ১১ আগস্ট ২০১৮ তারিখে নেপালের কাঠমুন্ডুতে অনুষ্ঠিতব্য “Special Session of the BIMSTEC Senior Official’s Meeting (S-SOM)”-এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য মির্জা ইসরাত আরা, পরিচালক (সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ১১ আগস্ট ২০১৮ তারিখে নেপালের কাঠমুন্ডুতে অনুষ্ঠিতব্য “Special Session of the BIMSTEC Senior Officials’ Meeting (S-SOM)”-এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য মির্জা ইসরাত আরা, পরিচালক (সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছেঃ

০২। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবেঃ

- উপর্যুক্ত সভায় অংশগ্রহণকাল (ভ্রমণকাল, ট্রানজিটকাল সহ) সরকারী কাজে কর্তব্যরত বলে গণ্য হবে এবং আপনার বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- আলোচ্য সভায় যোগদানের যাতায়াত খরচসহ আনুষঙ্গিক ভাতাদি বিধি মোতাবেক পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের বিমস্টেক অনুবিভাগের “১১৮০১০১-১৩৬০২১৬০০-৩৬৩১১০৭” উপখাত হতে মেটানো হবে;
- উপর্যুক্ত সভায় যোগদানের জন্য আপনি আগামী ১০ আগস্ট ২০১৮ বা তার নিকটবর্তী তারিখে ঢাকা ত্যাগ করবেন এবং ১২ আগস্ট ২০১৮ বা তার নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন;
- অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করবেন না।

০৩। জনস্বার্থে ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(রেহানা পারভীন)
সহকারী সচিব (বিমস্টেক)
ফোনঃ ৯৫৭১১৭৭

E-mail: asbimstec@mofa.gov.bd
তারিখঃ ০৭ আগস্ট ২০১৮

নং-১৯.০০.০০০০.৩১৬.৩৩.০২৭.১৮/

সদয় অবগতি ও প্রয়োজনীয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিচালক (প্রশাসন/দক্ষিণ এশিয়া/ সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৫। সহকারী সচিব (এসএসএ/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। [মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৭। দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, কাঠমুন্ডু।
- ০৮। অফিস কপি।


(রেহানা পারভীন)
সহকারী সচিব (বিমস্টেক)